



শিল্প মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০



## আবেদনপত্র আহ্বান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে শিল্প মন্ত্রণালয় বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রবর্তন করেছে। জাতীয় শিল্পনীতি ২০১৬ অনুযায়ী সাতটি ক্যাটাগরিতে যথাঃ ১)বৃহৎ, ২)মাঝারি, ৩)ক্ষুদ্র, ৪)মাইক্রো, ৫)কুটির, ৬)হস্ত ও কারু শিল্প এবং ৭)হাইটেক শিল্পের সাথে জড়িত শিল্প উদ্যোগ/শিল্প প্রতিষ্ঠানকে ২০২০ সালের জন্য এ পুরস্কার প্রদান করা হবে। প্রত্যেক ক্যাটাগরিতে নিম্ন বর্ণিত আকারে ১ম, ২য় ও ৩য় পুরস্কার প্রদান করা হবে।

### বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০

পুরস্কারের ধরন	পুরস্কারের পরিমাণ	
১ম পুরস্কার	নগদ ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা	২৫ গ্রাম স্বর্ণখচিত ফ্রেস্ট + একটি রেপ্লিকা
২য় পুরস্কার	নগদ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা	২০ গ্রাম স্বর্ণখচিত ফ্রেস্ট + একটি রেপ্লিকা
৩য় পুরস্কার	নগদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা	১৫ গ্রাম স্বর্ণখচিত ফ্রেস্ট + একটি রেপ্লিকা

সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানসমূহের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারীর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। ২০১৮-১৯ অর্থবছর (১লা জুলাই ২০১৮ -৩০ জুন ২০১৯) এর পারফরম্যান্সকে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে।

### আবেদনপত্র প্রাপ্তিস্থান

শিল্প মন্ত্রণালয়ের ওয়েব পোর্টালে ([www.moind.gov.bd](http://www.moind.gov.bd)) “বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা ২০১৯” নামক লিংকে শ্রেণিভিত্তিক আবেদন ফরমসমূহ PDF ও Word ফরম্যাটে রয়েছে। সেখান থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

### আবেদনপত্র দাখিলের ঠিকানা

আবেদন ফরম যথানিয়মে পূরণ করে (প্রয়োজনীয় কাগজপত্রসহ) ২৩ জানুয়ারি ২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে শিল্প মন্ত্রণালয়ে নিম্নোক্ত ঠিকানায় ডাকযোগে/সরাসরি দাখিল করতে হবে।

সচিব  
শিল্প মন্ত্রণালয়  
শিল্প ভবন, (কক্ষ নং-৫২৫, ৫ম তলা, বিসিক শাখা)  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২৩ জানুয়ারি ২০২০। অসম্পূর্ণ আবেদন ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন পুরস্কারের জন্য বিবেচনা করা হবে না।

মোঃ রেজাউল করিম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: +৮৮ ০২ ৯৫৮৫১৮৪, ০১৬৭৭১৭৩৬৪৭  
ইমেইল: [rezaulkarim11465@gmail.com](mailto:rezaulkarim11465@gmail.com)